

‘আত্মকর্মী যুবশক্তি,টেকসই উন্নয়নের মূলভিত্তি’
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৬৩.১৭-১০০০


২১ আষাঢ়, ১৪২৪
তারিখ :-----
০৫ জুলাই, ২০১৭

বিষয় : বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনের অনুকূলে অনুন্নয়ন খাতের অনুদান বিতরণের লক্ষ্যে যুব সংগঠনের নামের প্রস্তাব প্রেরণ না করায় কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের অনুন্নয়ন খাত হতে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের লক্ষ্যে জেলা কার্যালয়সমূহ থেকে প্রস্তাব আহ্বান করে অত্র কার্যালয়ের ২৫ জানুয়ারি, ২০১৭ তারিখের ৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৬৩.১৫-১৭.১/১(৪) সংখ্যক স্মারকে যথাযথ নির্দেশনা দেয়া হয়েছিল। উক্ত পত্রে বিভাগীয় সিটি কর্পোরেশন হিসেবে সিলেট বিভাগ থেকে ০২টি (০১টি মুখ্য ও ০১টি বিকল্প) উপযুক্ত প্রস্তাব ব্যর্থতা ছাড়াই প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। এতদসত্ত্বেও, সিলেট বিভাগীয় সিটি কর্পোরেশনের কোটায় আপনার কার্যালয় হতে কোন প্রস্তাব প্রেরণ করা হয়নি। এতে প্রতীয়মান হয় যে, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে যুব সংগঠনসমূহকে সম্পৃক্ত করার ক্ষেত্রে আপনার আন্তরিক উদ্যোগের অভাব রয়েছে, যা কোনভাবেই দায়িত্ব সচেতনতার পরিচয় বহন করে না।

০২। এমতাবস্থায়, সিটি কর্পোরেশনভুক্ত যুব সংগঠনের মনোনয়ন প্রস্তাব প্রেরণ না করার কারণ আগামী ০৭(সাত) দিনের মধ্যে জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

বিষয়টি জরুরী।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯।

জনাব মোঃ আলাউদ্দিন
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
যুব উন্নয়ন অধিদপ্তর
সিলেট।

অনুলিপিঃ

- ০১। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-সচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।